সূরা আহ্ক্বা-ফ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩৫
রুকূ ঃ ৪

পারা ২৬

حٰمٓ ۝١ تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ۝٢ مَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَ

১। হা-মী — ম্ । ২। তান্‌যীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আযীযিল্ হাকীম্। ৩। মা-খলাক্বনাস্ সামা-ওয়া-তি অল্

(১) হা মীম, (২) এ কিতাব পরাক্রামশালী প্রজ্ঞাময় আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ। (৩) আমি যথাযথভাবে সৃষ্টি করেছি

الْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا عَمَّآ

আর্‌দ্বোয়া অমা- বাইনাহুমা ~ ইল্লা-বিল্ হাক্বি ক্বি অআজ্বালিম্ মুছাম্মান্ অল্লাযীনা কাফারূ 'আম্মা ~

আসমানসমূহ ও যমীনকে এবং মধ্যকার সবকিছু হেকমতের সাথে নির্দিষ্ট কালের জন্য ।আর যারা কাফের তাদেরকে এ বিষয়ে

اُنْذِرُوْا مُعْرِضُوْنَ ۝٣ قُلْ اَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَرُوْنِيْ مَاذَا

উন্‌যিরূ মু'রিদূন্। ৪। ক্বুল্ আরয়াইতুম্ মা- তাদ্‌'উনা মিন্ দূনিল্লা-হি আরূনী মা-যা-

সতর্ক করা হলে তা হতে তারা বিমুখ হয়ে থাকে। (৪) আপনি বলুন, তোমরা আল্লাহ ছাড়া যাদেরকে আহ্বান কর তাদের ব্যাপারে

خَلَقُوْا مِنَ الْاَرْضِ اَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ؕ اِئْتُوْنِيْ بِكِتٰبٍ مِّنْ

খলাক্বূ মিনাল্ আর্‌দ্বি আম্ লাহুম্ শিরকুন্ ফিস্ সামা-ওয়া-ত্; ঈতূনী বিকিতা-বিম্ মিন্

ভেবে দেখেছ কি? তারা কি যমীনে কিছু সৃষ্টি করেছে, আর না আকাশে তাদের কোন অংশ আছে? আমার নিকট তোমরা হাযির

قَبْلِ هٰذَآ اَوْ اَثٰرَةٍ مِّنْ عِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝٤ وَمَنْ اَضَلُّ مِمَّنْ يَّدْعُوْا

ক্বাবলি হা-যা ~ আও আছা-রাতিম্ মিন্ 'ইল্‌মিন্ ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্। ৫। অমান্ আদ্বোয়াল্লু মিম্মাই ইয়াদ্‌'ঊ

কর,তোমাদের নিকট পূর্বের কোন কিতাব বা জ্ঞানের নিদর্শন থেকে থাকলে, যদি তোমরা সত্যবাদী হও। (৫) তার চাইতে বেশি

مِنْ دُوْنِ اللّٰهِ مَنْ لَّا يَسْتَجِيْبُ لَهٗٓ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ وَهُمْ عَنْ دُعَآئِهِمْ غٰفِلُوْنَ ۝٥

মিন্ দূনিল্লা-হি মাল্ লা-ইয়াস্‌তাজীবু লাহূ ~ ইলা-ইয়াওমিল্ ক্বিয়া-মাতি অহুম্ 'আন্ দু'আ — য়িহিম্ গাফিলূন্।

বিভ্রান্ত আর কে আছে, যে আল্লাহকে ছাড়া অন্য যাকে ডাকে,কেয়ামত পর্যন্ত তা সাড়া দেবে না? তাদের দোয়া সম্পর্কে এরা বেখবর।

وَاِذَا حُشِرَ النَّاسُ كَانُوْا لَهُمْ اَعْدَآءً وَّكَانُوْا بِعِبَادَتِهِمْ كٰفِرِيْنَ ۝٦ وَاِذَا تُتْلٰى

৬। অ ইযা-হুশিরান্না-সু কা-নূ লাহুম্ আ'দা — য়াঁও অকা-নূ বি'ইবা-দাতিহিম্ কা-ফিরীন্। ৭। অ ইযা-তুত্‌লা-

(৬) আর মানুষের হাশর হলে ওইগুলোই তাদের শত্রু হবে এবং তাদের ইবাদতও অস্বীকার করবে। (৭) আর যখন

আয়াত-৪ ঃ অতঃপর আল্লাহ বললেন, হে রাসূল, আপনি কাফেরদেরকে জিজ্ঞাসা করুন, তারা যে সকল দেব-দেবী ও প্রস্তর-মূর্তির পুজা করছে, তাদেরকে কি তারা কখনও দেখেছে? আপনি কাফেরদেরকে আরও জিজ্ঞাসা করুন তাদের অলীক উপাস্যরা দুনিয়ায় কি সৃষ্টি করেছে এবং আকাশে তাদের আধিপত্যের কোন নিদর্শন আছে কি? অথবা আপনি তাদেরকে বলুন, তোমরা সত্যবাদী হলে তোমাদের উপাস্যদের সম্বন্ধে পূর্ববর্তী গ্রন্থসমূহে কোন প্রমাণ কিংবা জ্ঞান ও যুক্তির কোন নিদর্শন থাকলে, তা আমাকে দেখাও। বলা বাহুল্য অবিশ্বাসী মুশরিকরা এতদ্‌সম্বন্ধে কোনই যুক্তি বা প্রমাণ দেখাতে পারবে না।

عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۞

'আলাইহিম্ আ-ইয়া-তুনা- বাইয়ি-না-তিন্ ক্বা-লাল্লাযীনা কাফারূ লিল্‌হাক্ব্‌ক্বি লাম্মা-জ্বা — য়াহুম্ হা-যা-সিহ্‌রুম্ মুবীন্।
তাদেরকে আয়াত শ্রবণ করানো হয়, যখন তাদের নিকট সত্য উপস্থিত হয় তখন এ কাফেররা বলে, এটা প্রকাশ্য যাদু।

۝٨ اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ۗ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَلَا تَمْلِكُوْنَ لِيْ مِنَ اللّٰهِ شَيْـًٔا ۗ

৮। আম্ ইয়াক্বূ লূনাফ্‌তার-হু; ক্বুল্ ইনিফ্ তারইতুহূ ফালা- তাম্‌লিকূনা লী মিনাল্লা-হি শাইয়া-;
(৮) বা তারা কি এরূপ বলে, সে রচনা করেছে। বলুন, আমি রচনা করলে তোমরা আমাকে আল্লাহ হতে বাঁচাতে

هُوَ اَعْلَمُ بِمَا تُفِيْضُوْنَ فِيْهِ ۗ كَفٰى بِهٖ شَهِيْدًاۢ بَيْنِيْ وَبَيْنَكُمْ ۗ وَهُوَ الْغَفُوْرُ

হুওয়া আ'লামু বিমা-তুফীদ্বূনা ফীহ্; কাফা-বিহী শাহীদাম্ বাইনী অ-বাইনাকুম্; অহুওয়াল্ গফূরুর
পারবে না, তোমাদের বক্তব্য তিনি জানেন। আমার ও তোমাদের মধ্যে তিনিই যথেষ্ট সাক্ষী আর তিনি পরম ক্ষমাশীল,

الرَّحِيْمُ ۝٩ قُلْ مَا كُنْتُ بِدْعًا مِّنَ الرُّسُلِ وَمَآ اَدْرِيْ مَا يُفْعَلُ بِيْ وَلَا

রহীম্। ৯। ক্বুল্ মা-কুন্‌তু বিদ্‌আ'ম্ মিনার্ রুসুলি অমা ~ আদ্‌রী মা-ইয়ুফ্'আলু বী অলা-
পরম দয়ালু। (৯) আপনি তাদের বলে দিন, আমি তো কোন নতুন রাসূল নই, আমার ও তোমাদের ভবিষ্যৎ আমি জানি না,

بِكُمْ ۗ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰٓى اِلَيَّ وَمَآ اَنَا اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ۝١٠ قُلْ اَرَءَيْتُمْ

বিকুম্; ইন্ আত্তাবি'উ ইল্লা-মা-ইয়ূহা ~ ইলাইয়্যা অমা ~ আনা ইল্লা-নাযীরুম্ মুবীন্। ১০। ক্বুল্ আরয়াইতুম্
প্রত্যাদেশ পালনই আমার কাজ, আর আমি তো এক স্পষ্ট সতর্ককারী মাত্র।(১০) আপনি বলুন, তোমরা ভেবে দেখেছ কি?

اِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ وَكَفَرْتُمْ بِهٖ وَشَهِدَ شَاهِدٌ مِّنْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ عَلٰى

ইন্ কা-না মিন্ 'ইন্‌দিল্লা-হি অকাফার্‌তুম্ বিহী অশাহিদা শা-হিদুম্ মিম্ বানী ~ ইস্‌র — ঈলা 'আলা-
যদি এটা আল্লাহরই পক্ষ হতে হয়ে থাকে আর তা তোমরা অমান্য কর, আর বনী ইস্রাঈলের একজন সাক্ষ্য দিয়ে ঈমান

১ ع ১০ ১ রুকু

مِثْلِهٖ فَاٰمَنَ وَاسْتَكْبَرْتُمْ ۗ اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝١١ وَقَالَ الَّذِيْنَ

মিছ্‌লিহী ফাআ-মানা অস্‌তাক্‌বারতুম্; ইন্নাল্লা-হা লা-ইয়াহ্‌দিল্ ক্বওমাজ্ জোয়া-লিমীন্। ১১। অক্বা-লাল্লাযীনা
আনলো আর তোমরা কুফুরী করলে, নিশ্চয়ই আল্লাহ জালিমদের হেদায়েত প্রদান করেন না। (১১) আর যারা কাফের তারা

كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْا لَوْ كَانَ خَيْرًا مَّا سَبَقُوْنَآ اِلَيْهِ ۗ وَاِذْ لَمْ يَهْتَدُوْا بِهٖ

কাফারূ লিল্লাযীনা আ-মানূ লাও কা-না খাইরাম্ মা-সাবাক্বূনা ~ ইলাইহ্;অ ইয্ লাম্ ইয়াহ্‌তাদূ বিহী
যারা ঈমান এনেছে তাদেরকে বলে, এটা ভাল হলে তারা আমাদের আগে গ্রহণ করতে পারত না। আর যখন তারা

فَسَيَقُوْلُوْنَ هٰذَآ اِفْكٌ قَدِيْمٌ ۝١٢ وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰٓى اِمَامًا وَّرَحْمَةً ۗ وَهٰذَا

ফাসাইয়াক্বূ লূনা হা-যা ~ ইফ্‌কুন্ ক্বদীম্। ১২। অমিন্ ক্বব্‌লিহী কিতা-বু মূসা ~ ইমা-মাওঁ অরহ্‌মাহ্; অহা-যা-
হেদায়াত পেল না, তখন তারা বলল, এটা প্রাচীন মিথ্যা। (১২) আর এর পূর্বে তো মূসার কিতাবে আদর্শ ও দয়া ছিল এবং

كِتٰبٌ مُّصَدِّقٌ لِّسَانًا عَرَبِيًّا لِّيُنْذِرَ الَّذِيْنَ ظَلَمُوْا ۖ وَبُشْرٰى لِلْمُحْسِنِيْنَ ۞

কিতা-বুম্ মুছোয়াদ্দিক্বুল্ লিসা-নান্ আ'রাবিয়্যাল্ লিইয়ুন্যিরাল্ লাযীনা জোয়ালামূ অবুশ্রা-লিল্মুহ্সিনীন।
এ কিতাব তার সত্যতা বর্ণনা করে আরবী ভাষায়, যেন জালিমদেকে ভয় প্রদর্শন করে, পুণ্যবানদের দেয়া সুখবর।

اِنَّ الَّذِيْنَ قَالُوْا رَبُّنَا اللّٰهُ ثُمَّ اسْتَقَامُوْا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ ۞ ١٣

১৩। ইন্নাল্লাযীনা ক্বূলূ রব্বুনাল্লা-হু ছুম্মাস তাক্বূমূ ফালা-খাওফুন্ 'আলাইহিম্ অলা-হুম্
(১৩) নিশ্চয়ই যারা বলে, আমাদের রব তো আল্লাহ এবং পরে তাতে অটল থাকে: (পরকালে) তাদের নেই কোন ভয়,

يَحْزَنُوْنَ ۞ ١٤ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ خٰلِدِيْنَ فِيْهَا ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ۞

ইয়াহ্যানূন্। ১৪। উলা — য়িকা আছ্হা-বুল্ জান্নাতি খ-লিদীনা ফী হা জ্বাযা — য়াম্ বিমা- কা-নূ ইয়া'মালূন্।
তারা চিন্তিতও হবে না। (১৪) তারাই জান্নাতবাসী, আর সেখানে তারা অনন্তকাল থাকবে, এটাই হল তাদের পাওনা।

وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ اِحْسٰنًا ۭ حَمَلَتْهُ اُمُّهٗ كُرْهًا وَّوَضَعَتْهُ كُرْهًا ۭ وَ ۞ ١٥

১৫। অ ওয়াছ্ছোয়াইনাল্ ইন্সা-না বিওয়া-লিদাইহি ইহ্সা-না-; হামালাত্হু উম্মুহূ কুর্হাঁও অ
(১৫) মানুষকে তার পিতা-মাতার সাথে সদ্ব্যবহারের নির্দেশ প্রদান করলাম, তার মাতা তাকে কষ্ট করে গর্ভে ধারণ করে ও অতি

حَمْلُهٗ وَفِصٰلُهٗ ثَلٰثُوْنَ شَهْرًا ۭ حَتّٰٓى اِذَا بَلَغَ اَشُدَّهٗ ۙ وَبَلَغَ اَرْبَعِيْنَ

অদ্বোয়া আ'ত্হু কুর্হা; অ হাম্লুহূ অফিছোয়া-লুহূ ছালা-ছূনা শাহ্রা-; হাত্তা ~ ইযা-বালাগা আশুদ্দাহূ অ বালাগা আর্বা'ঈনা
কষ্টে প্রসব করে; গর্ভ ধারণ ও স্তন্যদানে ত্রিশমাস সেখানে সময় লাগে, ফলে পূর্ণ শক্তি পেয়ে যৌবনে উপনীত হয় এবং চল্লিশে

سَنَةً ۙ قَالَ رَبِّ اَوْزِعْنِيْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْٓ اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى

সানাতান্ ক্বা-লা রব্বি আওযি'নী ~ আন্ আশ্কুরা নি'মাতাকাল্লাতী ~ আন্'আম্তা 'আলাইয়্যা অ'আলা-
পৌছে; তখন বলে, হে আমার রব! নেয়ামতের শুকরিয়া করতে আমাকে শক্তি প্রদান কর, যা আমাকে ও পিতা মাতাকে

وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَاَصْلِحْ لِيْ فِيْ ذُرِّيَّتِيْ ۚ اِنِّيْ

ওয়া-লিদাইয়্যা অআন্ 'আমালা ছোয়া-লিহান তার্দ্বোয়া-হু অআছ্লিহ্ লী ফী যুর্রিয়্যাতী; ইন্নী
দিয়েছ। আর তোমার পছন্দসই আমল যেন করতে পারি, আর আমাকে যোগ্য সন্তান-সন্ততি প্রদান কর। আমি তোমার

শানেনুযূলঃ আয়াত-১১ ঃ হযরত ওমর (রাঃ)-এর ইসলাম গ্রহণের পূর্বে তাঁর যনীন নামক বাঁদিটি ইসলাম গ্রহণ করেছিল। এতে তিনি তাকে খুব প্রহার করতে ছিলেন। তখন কুরাঈশের কাফেররা বলতে ছিল; ইসলামে যদি কোন কল্যাণ থাকত তবে আমাদের ন্যায় জ্ঞানী, গুণী ও সম্ভ্রান্তদের অপেক্ষা এ ইতর শ্রেণীর লোকেরা সে বিষয়ে অগ্রণী কিরূপে হত? এ পেক্ষিতে এ আয়াতটি নাযীল হয়।
শানেনুযূল ঃ আয়াত-১৫ঃ এ আয়াতটি হযরত আবূ বকর সিদ্দীক (রাঃ) সম্বন্ধে রাসূল (ছঃ)-এর প্রতি যখন নাযীল হয়েছে। তাঁর বয়স তখন আঠার বছর, তখন তিনি রাসূল (ছঃ) এর সাথে সিরিয়া সফর করেন। সেখানে তিনি একটি কুল বৃক্ষের নিচে উপবিষ্ট ছিলেন তখন হযরত আবূ বকর (রাঃ) পার্শ্ববর্তী এক গীর্জার পাদ্রীর সাথে সাক্ষাৎ করতে গেলেন। পাদ্রী তাঁকে মুহাম্মদ (ছঃ)-এর নবী হওয়ার সংবাদ দিলেন। তখন হতেই তিনি তাঁর প্রতি বিশ্বাসী ও আসক্ত হন এবং সর্বদা স্বদেশে বিদেশে রাসূল (ছঃ)-এর সাথী হয়ে থাকেন। এমনকি মৃত্যুর পরও প্রিয়নবীর সমাধি কক্ষেই তাঁকে সমাহিত করা হয়। হুযূর (ছঃ) যখন নবুওয়াত প্রাপ্ত হন, তখন বয়স্কদের মধ্যে তিনিই সর্বপ্রথম ইসলাম কবুল করেন এবং দু' বছর পর তিনি আপন মাতা-পিতা ও সন্তান সন্ততিদের জন্য আল্লাহর নিকট দোয়া করেন, যা কুরআনের আলোচ্য আয়াতে উল্লেখ আছে। উল্লেখ্য যে, সাহাবাদের মধ্যে একমাত্র হযরত আবূ বকর সিদ্দীক (রাঃ) এ বৈশিষ্ট্যের অধিকারী হন যে, তিনি নিজে এবং মাতা-পিতা সন্তান-সন্ততি সকলেই ইসলামের আলোকে আলোকিত হন।

تُبْتُ إِلَيْكَ وَإِنِّي مِنَ الْمُسْلِمِينَ ﴿١٦﴾ أُولَٰئِكَ الَّذِينَ نَتَقَبَّلُ عَنْهُمْ أَحْسَنَ

তুব্তু ইলাইকা অইন্নী মিনাল্ মুস্লিমীন্'। ১৬। উলা — য়িকাল্লাযীনা নাতাক্বাব্বালু 'আন্হুম্ আহ্সানা
অভিমুখী, এবং নিশ্চয়ই আমি একজন মুসলিম। (১৬) এরা সেসব লোক যাদের সৎকর্মসমূহ আমি গ্রহণ করি, এবং

مَا عَمِلُوا وَنَتَجَاوَزُ عَنْ سَيِّئَاتِهِمْ فِي أَصْحَابِ الْجَنَّةِ ۖ وَعْدَ الصِّدْقِ الَّذِي

মা-'আমিলূ অ নাতাজা-ওয়াযু 'আন্ সায়্যিয়া-তিহিম্ ফী আছ্হা-বিল্ জ্বান্নাহ্; ওয়া'দাছ্ ছিদ্ক্বিল্ লাযী
তাদের যাবতীয় গুনাহ্ মাফ করে দিব, এরাই জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত হবে, তাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি সত্য

كَانُوا يُوعَدُونَ ﴿١٧﴾ وَالَّذِي قَالَ لِوَالِدَيْهِ أُفٍّ لَّكُمَا أَتَعِدَانِنِي أَنْ

কা-নূ ইয়ূ'আদূন্। ১৭। অল্লাযী ক্ব-লা লিওয়া-লিদাইহি উফ্ফিল্ লাকুমা ~ আতাই'দা-নিনী ~ আন্
প্রমাণিত হবে। (১৭) আর যে তার মাতা-পিতাকে বলে, তোমাদের জন্য পরিতাপ! আমাকে কি বল যে, আমি পুনরুত্থিত হব,

أُخْرَجَ وَقَدْ خَلَتِ الْقُرُونُ مِن قَبْلِي ۖ وَهُمَا يَسْتَغِيثَانِ اللَّهَ وَيْلَكَ آمِنْ ۖ

উখ্রজ্বা অক্বদ্ খলাতিল্ ক্বুরূনু মিন্ ক্বব্লী অহুমা-ইয়াস্তাগীছানি ল্লা-হা অইলাকা আ-মিন্
অথচ আমার পূর্বে বহু যুগ অতীত হয়ে গেল? তারা ফরিয়াদ করে বলে যে, তোমার সর্বনাশ হোক, ঈমান আনয়ন কর।

إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ۖ فَيَقُولُ مَا هَٰذَا إِلَّا أَسَاطِيرُ الْأَوَّلِينَ ﴿١٨﴾ أُولَٰئِكَ

ইন্না ওয়া'দাল্লা-হি হাক্ব্কুন্ ফাইয়াক্বূলু মা- হা-যা ~ ইল্লা ~ আসা-ত্বীরুল্ আউয়্যালীন্। ১৮। উলা — য়িকাল্
আল্লাহর প্রতিশ্রুতি সত্য। তারা বলে, এটা পূর্বেকার উপকথা।(১৮) এরা সেসব লোক যাদের ব্যাপারে আযাবের বাণী

الَّذِينَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِي أُمَمٍ قَدْ خَلَتْ مِن قَبْلِهِم مِّنَ الْجِنِّ وَالْإِنسِ ۖ

লাযীনা হাক্বক্বা 'আলাইহিমুল্ ক্বওলু ফী ~ উমামিন্ ক্বদ্ খলাত্ মিন্ ক্বব্লিহিম্ মিনাল্ জ্বিন্নি অল্ইন্স্;
সাব্যস্ত হয়ে আছে সেসব উম্মতদের সাথে, যারা এদের পূর্বে অতীত হয়ে গেছে জিন ও মানুষের মধ্য হতে, তারাই

إِنَّهُمْ كَانُوا خَاسِرِينَ ﴿١٩﴾ وَلِكُلٍّ دَرَجَاتٌ مِّمَّا عَمِلُوا ۚ وَلِيُوَفِّيَهُمْ أَعْمَالَهُمْ

ইন্নাহুম্ কা-নূ খ-সিরীন্। ১৯। অলিকুল্লিন্ দারজ্বা-তুম্ মিম্মা- 'আমিলূ অলিইয়ুওয়াফ্ফিয়াহুম্ 'আমা-লাহুম্
ক্ষতিগ্রস্ত হবে। (১৯) আর প্রত্যেকের মর্যাদা তার কর্ম অনুযায়ী হবে, যেন তারা তাদের কর্মফল পায়, তাদের উপর কোন

وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿٢٠﴾ وَيَوْمَ يُعْرَضُ الَّذِينَ كَفَرُوا عَلَى النَّارِ ۖ أَذْهَبْتُمْ

অহুম্ লা-ইয়ুজ্লামূন্। ২০। অইয়াওমা ইয়ু'রাদ্বুল্লাযীনা কাফারূ 'আলা ন্না-র্; আয্হাব্তুম্
জুলুম করা হবে না। (২০) আর যারা কাফের তাদেরকে যেদিন দোযখের নিকট আনয়ন করা হবে, সেদিন তাদেরকে বলা হবে,

طَيِّبَاتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُم بِهَا ۖ فَالْيَوْمَ تُجْزَوْنَ

ত্বোয়াইয়িবা- তিকুম্ ফী হা-ইয়া-তিকুমুদ্ দুন্ইয়া-অস্তাম্তা'তুম্ বিহা-ফাল্ইয়াওমা তুজ্যাওনা
তোমরা তো পার্থিব জীবনে তোমাদের সুখ ও উপভোগের বস্তুসমূহ উপভোগ করেছিল। অতএব আজ তোমাদেরকে লাঞ্ছনাদায়ক

عَذَابَ الْهُونِ بِمَا كُنْتُمْ تَسْتَكْبِرُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا كُنْتُمْ تَفْسُقُونَ ۝ ع ٢ ٤٠ ٢ রুকু

'আযা-বাল্ হূনি বিমা- কুন্‌তুম্ তাস্‌তাক্‌বিরূনা ফিল্ আরদ্বি বিগইরিল্ হাক্ব্ক্বি অ বিমা- কুন্‌তুম্ তাফ্‌সুকূ্ন্।
শাস্তি প্রদান করা হবে, কেননা, তোমরা যমীনে অন্যায়ভাবে ঔদ্ধত্য প্রকাশ করতে এবং তোমরা অবাধ্যাচারণকারী ছিলে।

۝٢١ وَاذْكُرْ أَخَا عَادٍ إِذْ أَنْذَرَ قَوْمَهُ بِالْأَحْقَافِ وَقَدْ خَلَتِ النُّذُرُ مِنْ بَيْنِ

২১। অয্‌কুর্ অখ-'আদ;-ইয্ আন্‌যার ক্বওমাহূ বিল্‌আহ্‌ক্বা-ফি অ ক্বদ্ খলাতিননুযুরু মিম্ বাইনি
(২১)(হে নবী!) আর আপনি আদের ভ্রাতা হূদকে স্মরণ করুন, যার পূর্বে ও পরে সতর্ককারী এসে আহ্‌কাফবাসীকে সতর্ক

يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ أَلَّا تَعْبُدُوا إِلَّا اللَّهَ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ

ইয়াদাইহি অমিন্ খল্‌ফিহী ~ আল্লা-তা'বুদূ ~ ইল্লাল্লা-হ্; ইন্নী ~ আখ-ফু 'আলাইকুম্ 'আযা-বা
করেছিল যে, তোমরা 'আল্লাহকে ব্যতীত আর কারও ইবাদত করো না, তোমাদের জন্য আমি এক ভয়াবহ কঠিন শাস্তির আশঙ্কা

يَوْمٍ عَظِيمٍ ۝٢٢ قَالُوا أَجِئْتَنَا لِتَأْفِكَنَا عَنْ آلِهَتِنَا فَأْتِنَا بِمَا

ইয়াওমিন্ 'আজীম্। ২২। ক্বা-লূ ~ আজ্বি''তানা- লিতা'ফিকানা-'আন্ আ-লিহাতিনা-ফা''তিনা-বিমা-
করছি। (২২) তারা বলল, তুমি কি এসেছ আমাদেরকে আমাদের দেবতা হতে বিচ্ছিন্ন করতে? যদি তোমরা সত্যবাদী হও,

تَعِدُنَا إِنْ كُنْتَ مِنَ الصَّادِقِينَ ۝٢٣ قَالَ إِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللَّهِ وَأُبَلِّغُكُمْ

তা'ইদুনা ~ ইন্ কুন্‌তা মিনাছ্ ছোয়া-দিক্বীন্। ২৩। ক্বা-লা ইন্নামাল্ 'ইল্‌মু 'ইন্‌দা ল্লা-হি অ উবাল্লিগুকুম্
তবে প্রতিশ্রুত বিষয় নিয়ে আস।(২৩) বলল, এর জ্ঞান তো আল্লাহর কাছে যা আমি পেয়েছি তাই তোমাদেরকে পৌছিয়েছি।

مَا أُرْسِلْتُ بِهِ وَلَٰكِنِّي أَرَاكُمْ قَوْمًا تَجْهَلُونَ ۝٢٤ فَلَمَّا رَأَوْهُ عَارِضًا

মা ~ উর্‌সিল্‌তু বিহী অলা-কিন্নী ~ অর-কুম্ ক্বওমান্ তাজ্বহালূন্। ২৪। ফালাম্মা রয়াওহু 'আ-রিদোয়াম্
কিন্তু আমি তোমাদেরকে তো অজ্ঞই দেখছি। (২৪) অতঃপর যখন উপত্যকায় মেঘ দেখল, তখন তারা বলতে লাগল,

مُسْتَقْبِلَ أَوْدِيَتِهِمْ قَالُوا هَٰذَا عَارِضٌ مُمْطِرُنَا ۚ بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهِ ۚ

মুস্‌তাক্ব্‌বিলা আও দিয়াতিহিম্ ক্বা-লূ হা-যা 'আ-রিদুম্ মুম্‌ত্বিরুনা-; বাল্ হুওয়া মাস্‌তা'জ্বাল্‌তুম্ বিহ্;
এটা তো মেঘ, যা আমাদের উপর বৃষ্টি বর্ষণ করবে, বলল, এটা তো তা-ই যা তোমরা জলদি চেয়েছিলে, এ এক প্রচণ্ড ঝড়,

رِيحٌ فِيهَا عَذَابٌ أَلِيمٌ ۝٢٥ تُدَمِّرُ كُلَّ شَيْءٍ بِأَمْرِ رَبِّهَا فَأَصْبَحُوا لَا يُرَىٰ

রীহুন্ ফীহা-'আযা-বুন্ আলীম্। ২৫। তুদাম্মিরু কুল্লা শাইয়িম্ বিআম্‌রি রব্বিহা-ফাআছ্‌বাহূ লা-ইয়ুরা ~
এতে রয়েছে কঠিন শাস্তি। (২৫) ওটা স্বীয় রবের নির্দেশে সব ধ্বংস করবে। তারা এমনভাবে ধ্বংস হল যে, ঘর বাড়ি ছাড়া আর

إِلَّا مَسَاكِنُهُمْ ۚ كَذَٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِينَ ۝٢٦ وَلَقَدْ مَكَّنَّاهُمْ فِيمَا

ইল্লা-মাসা-কিনুহুম্; কাযা-লিকা নাজ্বযিল্ ক্বওমাল্ মুজ্ব্রিমীন্। ২৬। অলাক্বদ্ মাক্কান্না-হুম্ ফীমা ~
কিছুই দৃষ্টি গোচর হয়নি। পাপীদেরকে আমি এরূপ শাস্তিই প্রদান করে থাকি। (২৬) আর তাদেরকে যতটুকু প্রতিষ্ঠিত করেছি,

إِن مَّكَّنَّٰكُمْ فِيهِ وَجَعَلْنَا لَهُمْ سَمْعًا وَأَبْصَٰرًا وَأَفْـِٔدَةً فَمَآ أَغْنَىٰ

ইম্মাক্কান্না-কুম্ ফীহি অজ্বা'আল্না-লাহুম্ সাম্'আওঁ অ আব্ছোয়া-রঁও অআফ্য়িদাতান্ ফামা ~ আগ্না

আপনাকে তা করি নি। আমি তাদেরকে কান, চোখ ও অন্তর (সব কিছুই) প্রদান করেছিলাম, কিন্তু তাদের এ কান, চোখ ও অন্তর

عَنْهُمْ سَمْعُهُمْ وَلَآ أَبْصَٰرُهُمْ وَلَآ أَفْـِٔدَتُهُم مِّن شَىْءٍ إِذْ كَانُوا۟ يَجْحَدُونَ ﴿٢٦﴾

'আন্হুম্ সাম্উ'হুম্ অলা ~ আব্ছোয়া-রুহুম্ অলা ~ আফ্য়িদাতুহুম্ মিন্ শাইয়িন্ ইয্ কা-নূ ইয়াজ্হাদূনা

আল্লাহর আয়াতসমূহকে স্বীকার না করার কারণে তা তাদের কোন কাজে লাগতে পারে নি। যে বিষয় নিয়ে তারা বিদ্রুপ

ع ৩ ৩ রুকূ

بِـَٔايَٰتِ ٱللَّهِ وَحَاقَ بِهِم مَّا كَانُوا۟ بِهِۦ يَسْتَهْزِءُونَ ﴿٢٧﴾ وَلَقَدْ أَهْلَكْنَا

বিআ-ইয়া-তিল্লা-হি অহা-ক্বা বিহিম্ মা-কা-নূ বিহী ইয়াস্তাহ্যিয়ূন্। ২৭। অ লাক্বদ্ আহ্লাক্না-

করত সে বিষয় এসেই তাদেরকে বেষ্টন করল। (২৭) আর আমি তো ধ্বংস করেছিলাম তোমাদের আশ-পাশের বস্তিসমূহকে।

مَا حَوْلَكُم مِّنَ ٱلْقُرَىٰ وَصَرَّفْنَا ٱلْـَٔايَٰتِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٢٨﴾ فَلَوْلَا

মা-হাওলাকুম্ মিনাল্ ক্বুরা-অছোয়ার্রফ্না-ল্ আ-ইয়া-তি লা'আল্লাহুম্ ইয়ারজ্বি'উন্। ২৮। ফালাওলা

আর আমি বারবার আয়াত বিবৃত করেছি, যেন তারা প্রত্যাবর্তন করে। (২৮) অনন্তর তাদেরকে কেন সাহায্য করল না

نَصَرَهُمُ ٱلَّذِينَ ٱتَّخَذُوا۟ مِن دُونِ ٱللَّهِ قُرْبَانًا ءَالِهَةً ۖ بَلْ ضَلُّوا۟ عَنْهُمْ ۚ

নাছোয়ার হুমুল্লাযী নাত্ তাখাযূ মিন্ দূনিল্লা-হি ক্বুরবা-নান্ আ-লিহাহ্; বাল্ দ্বোয়াল্লূ 'আন্হুম্

তাদের আল্লাহ ছাড়া যে সব উপাস্যের উপাসনা তরা করত। বরং তারা অদৃশ্য হয়ে গেল, আর এটা ছিল তাদের অলীক

وَذَٰلِكَ إِفْكُهُمْ وَمَا كَانُوا۟ يَفْتَرُونَ ﴿٢٩﴾ وَإِذْ صَرَفْنَآ إِلَيْكَ نَفَرًا مِّنَ

অযা-লিকা ইফ্কুহুম্ অমা- কা-নূ ইয়াফ্তারূন্। ২৯। অইয্ ছোয়ারফ্না ~ ইলাইকা নাফারম্ মিনাল্

মিথ্যারই পরিণাম ফল। (২৯) আর একদল জিনকে আমি আপনার প্রতি আকৃষ্ট করে দিয়েছি, তারা কোরআন পড়া শ্রবণ

ٱلْجِنِّ يَسْتَمِعُونَ ٱلْقُرْءَانَ ۖ فَلَمَّا حَضَرُوهُ قَالُوٓا۟ أَنصِتُوا۟ ۖ فَلَمَّا قُضِىَ وَلَّوْا۟ إِلَىٰ

জ্বিন্নি ইয়াস্ তামি'উনাল্ ক্বুর্আ-না ফালাম্মা- হাদ্বোয়ারূহু ক্বূ-লূ ~ আন্ছিতূ ফালাম্মা-ক্বুদ্বিয়া অল্লাওঁ ইলা-

করত, আসলে তার পরস্পরকে বলত, "নীরবে শ্রবণ কর"। শেষ হলে তাদের সম্প্রদায়ের লোকদের কাছে তারা সতর্ককারী রূপে

قَوْمِهِم مُّنذِرِينَ ﴿٣٠﴾ قَالُوا۟ يَٰقَوْمَنَآ إِنَّا سَمِعْنَا كِتَٰبًا أُنزِلَ مِنۢ بَعْدِ مُوسَىٰ

ক্বওমিহিম্ মুন্যিরীন্। ৩০। ক্বূ-লূ ইয়া-ক্বওমানা ~ ইন্না-সামি'না-কিতা-বান্ উন্যিলা মিম্ বা'দি মূসা-

প্রত্যাগমন করত। (৩০) তাদের সম্প্রদায়ের লোকদের বলল, হে আমার সম্প্রদায়! আমরা এমন কিতাব শ্রবণ করেছি

مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ يَهْدِىٓ إِلَى ٱلْحَقِّ وَإِلَىٰ طَرِيقٍ مُّسْتَقِيمٍ ﴿٣١﴾

মুছোয়াদ্দিক্বাল্ লিমা-বাইনা ইয়াদাইহি ইয়াহ্দী ~ ইলাল্ হাক্ব্ক্বি অইলা-ত্বোয়ারী ক্বিম্ মুস্তাক্বীম্।

যা মূসার পরে অবতীর্ণ করা হয়েছে ও তার পূর্বের অবতীর্ণ কিতাবের সমর্থক, সত্য ও সরল পথের দিকে আহ্বান করে।

﴿٣١﴾ يٰقَوْمَنَآ اَجِيْبُوْا دَاعِيَ اللّٰهِ وَاٰمِنُوْا بِهٖ يَغْفِرْ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُجِرْكُمْ

৩১। ইয়া-ক্বওমানা ~ আজ্বীবূ দা-ইয়াল্লা-হি অ আ-মিনূ বিহী ইয়াগ্‌ফিরলাকুম্ মিন্ যুনূবিকুম্ অ ইয়ুজ্বিরকুম্

(৩১) হে আমাদের সম্প্রদায়! আল্লাহর আহ্বানকারীর প্রতি সাড়া প্রদান কর, তাঁর প্রতি বিশ্বাস স্থাপন কর, তিনি তোমাদের পাপসমূহ ক্ষমা করে দিবেন,

مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ﴿٣٢﴾ وَمَنْ لَّا يُجِبْ دَاعِيَ اللّٰهِ فَلَيْسَ بِمُعْجِزٍ فِي الْاَرْضِ

মিন্ আযা-বিন্ আলীম্। ৩২। অ মাল্ লা-ইয়ুজ্বিব্ দা-'ইয়াল্লা-হি ফালাইসা বিমু'জ্বিযিন্ ফিল্ আরদ্বি

এবং কঠিন শাস্তি হতে তোমাদেরকে রক্ষা করবেন। (৩২) আর যে আহ্বানকারীর আহ্বানে সাড়া না দেয়, সে পৃথিবীতে (আল্লাহকে)

وَلَيْسَ لَهٗ مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءُ ۭ اُولٰۤئِكَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٣﴾ اَوَلَمْ يَرَوْا

অলাইসা লাহূ মিন্ দূনিহী ~ আওলিয়া— য়্; উলা ~ য়িকা ফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ৩৩। আওয়ালাম্ ইয়ারও

ব্যর্থকারী হবে না। তিনি ছাড়া তোমাদের আর কোন সাহায্যকারী নেই। তারাই স্পষ্ট বিভ্রান্তির মধ্যে রয়েছে। (৩৩) তারা কি

اَنَّ اللّٰهَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَلَمْ يَعْيَ بِخَلْقِهِنَّ بِقٰدِرٍ

আন্না ল্লা-হাল্ লাযী খলাক্বস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বোয়া অলাম্ ইয়া'ইয়া বিখল্‌ক্বিহিন্না বিক্ব-দিরিন্।

লক্ষ্য করে দেখ না যে, আল্লাহ যিনি আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন এবং ওদের সৃষ্টি করতে তিনি কোন ক্লান্তি

عَلٰٓى اَنْ يُّحْيِ َۦ الْمَوْتٰى ۭ بَلٰٓى اِنَّهٗ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٣٤﴾ وَيَوْمَ

'আলা ~ আইঁ ইয়ুহ্ ইয়িইয়াল্ মাউতা- বালা ~ ইন্নাহূ 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ৩৪। অইয়াওমা

অনুভব করেন নি, আর তিনি মৃতকে পুনরুজ্জীবিত করতেও সক্ষম? অবশ্যই তিনিই সর্বশক্তিমান। (৩৪) যেদিন কাফেরদেরকে

يُعْرَضُ الَّذِيْنَ كَفَرُوْا عَلَى النَّارِ ۭ اَلَيْسَ هٰذَا بِالْحَقِّ ۭ قَالُوْا بَلٰى وَرَبِّنَا ۭ

ইয়ু'রাদ্বু‿ল্ লাযীনা কাফারূ 'আলান্না-র্; আলাইসা হা-যা-বিল্‌হাক্ব;ক্ব-লূ বালা-অ রব্বিনা-;

আগুনের পাশে নিয়ে বলা হবে যে, (হে অবিশ্বাসীরা!) এটা কি সত্য নয়? তারা বলবে, নিশ্চয়, আমাদের রবের কসম।

قَالَ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٣٥﴾ فَاصْبِرْ كَمَا صَبَرَ اُولُوا

ক্ব-লা ফাযূ ক্বূ‿ল্ 'আযা-বা বিমা-কুন্‌তুম্ তাক্‌ফুরূন্। ৩৫। ফাছ্‌বির্ কামা-ছোয়াবারা উলুল্

(ফেরেশতারা) বলবে, কুফ্‌রীর কারণে তোমরা আযাব ভোগ করে। (৩৫) অতএব (হে নবী!) আপনি ধৈর্য অবলম্বন করুন

الْعَزْمِ مِنَ الرُّسُلِ وَلَا تَسْتَعْجِلْ لَّهُمْ ۭ كَاَنَّهُمْ يَوْمَ يَرَوْنَ مَا يُوْعَدُوْنَ ۙ لَمْ

'আয্‌মি মিনার্ রুসুলি অলা-তাস্‌তা'জ্বিল্ লাহুম্; কায়ান্নাহুম্ ইয়াওমা ইয়ারওনা মা-ইয়ূ'আদূনা লাম্

দৃঢ় সংকল্প রাসূলদের মত। প্রতিশোধ গ্রহণে তাড়াহুড়ো করবেন না। যেদিন প্রতিশ্রুত বিষয় তারা দর্শন করবে, তখন তাদের

يَلْبَثُوْٓا اِلَّا سَاعَةً مِّنْ نَّهَارٍ ۭ بَلٰغٌ ۚ فَهَلْ يُهْلَكُ اِلَّا الْقَوْمُ الْفٰسِقُوْنَ ★

ইয়াল্‌বাছূ ~ ইল্লা-সা-'আতাম্ মিন্ নাহা-র্; বালা-গুন্ ফাহাল্ ইয়ুহ্‌লাকু ইল্লাল্ ক্বওমুল্ ফা-সিক্বূন্

মনে হবে দিনের সল্প সময়ই তারা অবস্থান করেছে। এটা ঘোষণা দেয়া মাত্র, সত্যত্যাগীদেরকেই ধ্বংস করা হবে।

ع ৪ রুকু

সূরা মুহাম্মদ্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩৮
রুকূ ঃ ৪

① الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ اَضَلَّ اَعْمَالَهُمْ ② وَالَّذِيْنَ اٰمَنُوْا وَ

১। আল্লাযীনা কাফারূ অছোয়াদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি আদ্বোয়াল্লা আ'মা-লাহুম্ ২। অল্লাযীনা আ-মানূ ওয়া

(১) যারা কুফ্‌রী করে এবং আল্লাহর পথে বাধা প্রদান করে, তিনি তাদের কর্ম ব্যর্থ করেন, (২) আর যারা ঈমান আনে,

عَمِلُوا الصّٰلِحٰتِ وَاٰمَنُوْا بِمَا نُزِّلَ عَلٰى مُحَمَّدٍ وَّهُوَ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۙ كَفَّرَ

আ'মিলুছ্ ছোয়া-লিহা-তি ওয়া আ-মানূ বিমা-নুয্‌যিলা 'আলা-মুহাম্মাদিঁও অহুওয়াল্ হাক্কু মির্ রব্বিহিম্ কাফ্‌ফারা

নেক কাজ করে ও মুহাম্মদের প্রতি অবতীর্ণ বিষয়ের প্রতি ঈমান আনে, তা তাদের রবের পক্ষ হতে সত্য; তিনি তাদের গুনাহসমূহ

عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَاَصْلَحَ بَالَهُمْ ③ ذٰلِكَ بِاَنَّ الَّذِيْنَ كَفَرُوا اتَّبَعُوا الْبَاطِلَ وَاَنَّ

'আন্‌হুম্ সাইয়্যিআ-তিহিম্ অআছ্‌লাহা বা-লাহুম্ ।৩। যা-লিকা বিআন্নাল্লাযীনা কাফারূ ত্তাবা'উল্ বা-ত্বিলা অআন্নাল্

মাফ করবেন ও তাদের অবস্থা ভাল করবেন। (৩) কেননা, যারা কুফ্‌রী করে, বাতিলের আনুগত্য করে, আর যারা ঈমান আনে,

الَّذِيْنَ اٰمَنُوا اتَّبَعُوا الْحَقَّ مِنْ رَّبِّهِمْ ؕ كَذٰلِكَ يَضْرِبُ اللّٰهُ لِلنَّاسِ اَمْثَالَهُمْ ۞

লাযীনা আ-মানুত্ তাবা'উল্ হাক্কা মির্ রব্বিহিম্; কাযা-লিকা ইয়াদ্বরিবু ল্লা-হু লিন্না-সি আম্‌ছা-লাহুম্।

তারা তো তাদের রবের দেয়া সত্যের আনুগত্য করে। এভাবে আল্লাহ মানুষের জন্য তাদের অবস্থা বর্ণনা করে থাকেন।

④ فَاِذَا لَقِيْتُمُ الَّذِيْنَ كَفَرُوْا فَضَرْبَ الرِّقَابِ ؕ حَتّٰۤى اِذَاۤ اَثْخَنْتُمُوْهُمْ فَشُدُّوا

৪। ফাইযা-লাক্বীতুমু ল্লাযীনা কাফারূ ফাদ্বোয়ারবার রিক্বা-ব্; হাত্তা ~ ইযা ~ আছখান্‌তুমূহুম্ ফাশুদ্দূল্

(৪) সুতরাং তোমরা যদি কাফেরদের মুখোমুখি হও তবে তাদের ঘাড়ে আঘাত করে যখন তাদেরকে পরাভূত করবে তখন

মো আ-১৬

الْوَثَاقَ ۙ فَاِمَّا مَنًّۢا بَعْدُ وَاِمَّا فِدَآءً حَتّٰى تَضَعَ الْحَرْبُ اَوْزَارَهَا ۛ ع قف

অছা-ক্ব ফাইম্মা-মান্নাম্ বা'দু অইম্মা-ফিদা — য়ান্ হাত্তা-তাদ্বোয়া'আল্ হার্‌বু আওযা-রহা-

তাদেরকে দৃঢ়ভাবে বেঁধে ফেলবে। পরে হয় তাদের প্রতি দয়া কর, না হয় মুক্তি পণ নিয়ে ছেড়ে দাও। যতক্ষণ না যুদ্ধে তারা

ذٰلِكَ ۛؕ وَلَوْ يَشَآءُ اللّٰهُ لَانْتَصَرَ مِنْهُمْ وَلٰكِنْ لِّيَبْلُوَا بَعْضَكُمْ بِبَعْضٍ ؕ وَالَّذِيْنَ

যা-লিক্; অ লাও ইয়াশা — য়ু ল্লা-হু লান্‌তাছোয়ারা মিন্‌হুম্ অলা-কিল্ লিইয়াব্‌লুওয়া বা'দ্বোয়াকুম্ বিবা'দ্ব; অল্লাযীনা

তাদের অস্ত্র সংবরণ করে। এটাই; আল্লাহ চাইলে প্রতিশোধ নিতে পারেন; কিন্তু তিনি একজনকে দিয়ে অন্যজনকে পরীক্ষা করেন,

আয়াত-২ ঃ প্রথম যুগে সকল মানুষ একই শরীয়ত মানতে বাধ্য ছিল না। বর্তমান দুনিয়ার সকল মানুষ একই শরীয়তের আওতাধীন, এখন সত্য ধর্ম একমাত্র ইসলামই। ভাল-মন্দ সব কাজ মুসলমানও করে এবং কাফিরও করে। কিন্তু খাঁটি ধর্মাবলম্বীদের নেক কাজ স্থায়ী থাকে, আর অন্যায় কাজ ক্ষমাযোগ্য। আর যারা খাঁটি ধর্মের অনুসারী নয়, তাদের শাস্তি হল, তাদের নেক কাজ বাতিল, আর শাস্তি আবশ্যম্ভাবী (মুঃ কোঃ)

আয়াত-৩ ঃ শিরক ও কুফর বাতিল, তাওহীদ ও ঈমান সঠিক। অর্থাৎ কাফিরদের আমল এ কারণে বিনষ্ট যে, তারা মিথ্যার পিছনে চলেছিল। শিরক পছন্দ করল, আর অবাধ্যতায় পড়ে থাকল। পক্ষান্তরে মু'মিনদের অন্যায়সমূহ বিদূরীত করলেন, হক ও ন্যায়ের অনুসরণ করলেন। আল্লাহ এর আদেশ মান্য করেছিলেন, তাওহীদ ও ঈমান পছন্দ করে নেক কাজ করছিলেন। (ফতঃ বয়াঃ)

قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ فَلَنْ يُّضِلَّ اَعْمَالَهُمْ ۝٥ سَيَهْدِيْهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ ۝

ক্বু তিলূ ফী সাবীলি ল্লা-হি ফালাইঁ ইয়ুদ্বিল্লা আ'মা-লাহুম্। ৫। সাইয়াহ্দীহিম্ অইয়ুছ্লিহু বা-লাহুম্।
আর যারা আল্লাহর পথে নিহত হয় তাদের কর্ম তিনি কখনও নষ্ট করেন না। (৫) তিনি তাদেরকে সৎপথ দেখান এবং তাদের অবস্থা ভাল করেন।

وَيُدْخِلُهُمُ الْجَنَّةَ عَرَّفَهَا لَهُمْ ۝٦ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تَنْصُرُوا اللّٰهَ يَنْصُرْكُمْ ۝

৬। অইয়ুদ্খিল্ হুমুল্ জ্বান্নাতা 'আর্রফাহা-লাহুম্। ৭। ইয়া ~ আইয়ুহাল্ লাযীনা আ-মানূ ~ ইন্ তানছুরু ল্লা-হা ইয়ানছুর্কুম্
(৬) আর জান্নাতে দাখিল করবেন, যা তাদেরকে জানিয়েছেন। (৭) হে মু'মিনরা! যদি আল্লাহকে সাহায্য কর তিনিও তোমাদের

وَيُثَبِّتْ اَقْدَامَكُمْ ۝٧ وَالَّذِيْنَ كَفَرُوْا فَتَعْسًا لَّهُمْ وَاَضَلَّ اَعْمَالَهُمْ ۝٨ ذٰلِكَ

অ ইয়ুছাব্বিত্ আক্বদা-মাকুম্। ৮। অল্লাযীনা কাফারূ ফাতা'সা ল্লাহুম্ অআদ্বোয়াল্লা আ'মা-লাহুম্। ৯। যা-লিকা
সাহায্য করবেন, তাদের পা দৃঢ় করবেন। (৮) আর কাফেরদের জন্য দুর্ভোগ, তিনি তাদের কর্ম ব্যর্থ করবেন। (৯) কেননা, আল্লাহর

بِاَنَّهُمْ كَرِهُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ۝٩ اَفَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ

বিআন্নাহুম্ কারিহূ মা ~ আন্যালা ল্লা-হু ফাআহ্বাত্বোয়া আ'মা-লাহুম্। ১০। আফালাম্ ইয়াসীরূ ফিল্ আর্দ্বি
যা নাযিল করেছেন তারা তা পছন্দ করে না, তিনি তাদের কর্মসমূহ ব্যর্থ করবেন। (১০) তারা কি যমীনে ভ্রমণ করে দেখে নি

فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۭ دَمَّرَ اللّٰهُ عَلَيْهِمْ ۭ وَلِلْكٰفِرِيْنَ

ফাইয়ান্জুরূ কাইফা কা-না আ'ক্বিবাতুল্লাযীনা মিন্ ক্বব্লিহিম; দাম্মারল্লা-হু 'আলাইহিম্ অলিল্কা-ফিরীনা
যে, তাদের পূর্বে যারা গত হয়ে গিয়েছে তাদের পরিণতি কি হয়েছিল? আল্লাহ তাদেরকে ধ্বংস করে দিয়েছেন, আর কাফেরদের

اَمْثَالُهَا ۝١١ ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ مَوْلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَاَنَّ الْكٰفِرِيْنَ لَا مَوْلٰى لَهُمْ ۝

আম্ছা-লুহা-। ১১। যা-লিকা বিআন্নাল্লা-হা মাওলাল্ লাযীনা আ-মানূ অআন্নাল্ কা-ফিরীনা লা-মাওলা-লাহুম্।
জন্য রয়েছে অনুরূপ পরিণাম। (১১) তা এ কারণে যে, আল্লাহ ঈমানদারদের বন্ধু, আর কাফেরদের কোন বন্ধু নেই।

ع ১১ ৫ রুকু

اِنَّ اللّٰهَ يُدْخِلُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ ۝١٢

১২। ইন্না ল্লা-হা ইয়ুদ্খিলুল্ লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্
(১২) নিশ্চয়ই আল্লাহ দাখিল করবেন সে সব লোকদেরকে যারা ঈমান এনেছে ও নেক আমল করেছে এবং পুণ্যবান, এমন

تَحْتِهَا الْاَنْهٰرُ ۭ وَالَّذِيْنَ كَفَرُوْا يَتَمَتَّعُوْنَ وَيَاْكُلُوْنَ كَمَا تَاْكُلُ الْاَنْعَامُ

তাহ্তিহাল্ আন্হা-র্; অল্লাযীনা কাফারূ ইয়াতামাত্তাউ'না অ ইয়া''কুলূনা কামা-তা''কুলুল্ আন্আ''মু
জান্নাতে যার নিচ দিয়ে ঝর্ণা ধারা প্রবাহিত। আর যারা কাফের তারা ভোগে মগ্ন থেকেছে, জন্তুরা যে ভাবে খেত সেভাবে খেত,

وَالنَّارُ مَثْوًى لَّهُمْ ۝١٣ وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ هِيَ اَشَدُّ قُوَّةً مِّنْ قَرْيَتِكَ الَّتِيْٓ

অন্না-রু মাছ্ওয়াল্লাহুম্। ১৩। অকায়াইঁয়িম্ মিন্ ক্বর্ইয়াতিন্ হিয়া আশাদ্দু কুওয়্যাতাম্ মিন্ ক্বর্ইয়াতিকাল্ লাতী ~
তাদের আবাস জাহান্নাম। (১৩) আর বহু জনপদ এমনি ছিল যা আপনার এ জনপদ অপেক্ষা অনেক বেশি শক্তিশালী ছিল।

أَخْرَجَتْكَ ج أَهْلَكْنٰهُمْ فَلَا نَاصِرَ لَهُمْ ﴿١٤﴾ أَفَمَنْ كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّهٖ كَمَنْ

আখ্‌রজাত্‌কা আহ্‌লাক্‌না-হুম্ ফালা- না-ছিরলাহুম্। ১৪। আফামান্ কা-না 'আলা-বাইয়িনাতিম্ মির্ রব্বিহী কামান্

সেখান থেকে বের করেছে তাদেরকে ধ্বংস করেছি, সাহায্যকারী ছিল না।(১৪) যে রবের প্রমাণের ওপর আছে, সে কি

زُيِّنَ لَهٗ سُوْٓءُ عَمَلِهٖ وَاتَّبَعُوْٓا أَهْوَآءَهُمْ ﴿١٥﴾ مَثَلُ الْجَنَّةِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ط

যুইয়্যিনা লাহূ সূ — য়ু 'আমালিহী অত্তাবা'উ ~ আহ্‌ওয়া — য়াহুম্। ১৫। মাছালুল্ জান্নাতি ল্লাতী উ'ইদাল্ মুত্তাকূন্;

তার ন্যায় যার নিকট কুকর্ম পছন্দনীয় এবং যে প্রবৃত্তির অনুগামী?(১৫) মুত্তাকীদের প্রতিশ্রুত জান্নাতের উদাহরণ হল, তাতে

فِيْهَآ أَنْهٰرٌ مِّنْ مَّآءٍ غَيْرِ اٰسِنٍ ج وَأَنْهٰرٌ مِّنْ لَّبَنٍ لَّمْ يَتَغَيَّرْ طَعْمُهٗ ج

ফীহা ~ আন্‌হা-রুম্ মিম্ মা — য়িন গইরি আ-সিনিন্ অআন্‌হা-রুম্ মিল্লাবানিল্লাম্ ইয়াতাগাইয়ার্ ত্বোয়া'মুহূ

রয়েছে স্বচ্ছ পানির ঝর্ণাধারা, যার স্বাদ কখনও পরিবর্তন হবার নয়, আর এমন দুধের ঝর্ণাসমূহ যারা পান করবে তাদের জন্য

وَأَنْهٰرٌ مِّنْ خَمْرٍ لَّذَّةٍ لِّلشّٰرِبِيْنَ ۵ وَأَنْهٰرٌ مِّنْ عَسَلٍ مُّصَفًّى ط وَلَهُمْ فِيْهَا

অআন্‌হা-রুম্ মিন্ খম্‌রিল লায্ যাতিল্লিশ্-শা রিবীনা অআন্‌হা-রুম্ মিন্ 'আসালিম্ মুছোয়াফ্‌ফা; অলাহুম্ ফীহা-

অত্যন্ত সুস্বাদু পানের ঝর্ণা, সেখানে তাদের জন্য থাকবে স্বচ্ছ মধুর ঝর্ণাসমূহ, বিভিন্ন ফল ও তাদের রবের ক্ষমা। আর

مِنْ كُلِّ الثَّمَرٰتِ وَمَغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ ط كَمَنْ هُوَ خَالِدٌ فِي النَّارِ وَسُقُوْا مَآءً

মিন্ কুল্লিছ্ ছামার-তি অমাগ্‌ফিরতুম্ মির্ রব্বিহিম্; কামান্ হুওয়া খ-লিদূন্ ফিন্না-রি অসুকূ্‌মা — য়ান্

মুত্তাকিরা কি চিরস্থায়ী জাহান্নামীদের ন্যায়, যারা অনন্তকাল জাহান্নামে অবস্থান করবে এবং গরম পানীয় দ্বারা যাদের

حَمِيْمًا فَقَطَّعَ أَمْعَآءَهُمْ ﴿١٦﴾ وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ إِلَيْكَ ج حَتّٰىٓ إِذَا خَرَجُوْا مِنْ

হামীমান্ ফাক্বত্বত্বো'আ আম্'আ — য়াহুম্। ১৬। অমিন্‌হুম্ মাইঁ ইয়াস্‌তামি'উ, ইলাইকা হাত্তা ~ ইযা-খারাজু মিন্

নাড়ি-ভুঁড়ি ছিন্ন করবে? (১৬) আর তাদের মধ্যে কেউ কেউ আপনার কথা শুনে, আর যখন আপনার নিকট থেকে বের হয়ে জ্ঞানীদের

عِنْدِكَ قَالُوْا لِلَّذِيْنَ أُوْتُوا الْعِلْمَ مَاذَا قَالَ اٰنِفًا قف أُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ

'ইন্‌দিকা ক্বা-লূ লিল্লাযীনা উতুল্ 'ইল্‌মা মা-যা- ক্বা-লা আ-নিফান্ উলা — য়িকাল্ লাযীনা ত্বোয়াবা'আ ল্লা-হু

নিকট গমন করে, তখন বলে, সে কি বলেছে? এরাই সেই দল যাদের অন্তরসমূহে আল্লাহ মোহর মেরে দিয়েছেন,

عَلٰى قُلُوْبِهِمْ وَاتَّبَعُوْٓا أَهْوَآءَهُمْ ﴿١٧﴾ وَالَّذِيْنَ اهْتَدَوْا زَادَهُمْ هُدًى وَّاٰتٰىهُمْ

'আলা-কু্লূ বিহিম্ অত্তাবাউ' ~ আহ্‌ওয়া — য়াহুম্। ১৭। অল্লাযী নাহ্ তাদাও যা-দাহুম্ হুদাঁও অআ-তা-হুম্

তারা স্বীয় প্রবৃত্তির অনুসরণ করে থাকে। (১৭) আর যারা সৎপথ পায় তিনি তাদের অধিক হেদায়াত প্রদান করেন এবং

تَقْوٰىهُمْ ﴿١٨﴾ فَهَلْ يَنْظُرُوْنَ إِلَّا السَّاعَةَ أَنْ تَأْتِيَهُمْ بَغْتَةً ج فَقَدْ جَآءَ أَشْرَاطُهَا ج

তাক্ব্ওয়া-হুম্। ১৮। ফাহাল্ ইয়ান্‌জুরূনা ইল্লাস্ সা-'আতা আন্ তা"তিয়াহুম্ বাগ্‌তাতান্ ফাক্বদ্ জ্বা — য়া আশ্‌রতু্হা-

তাক্ওয়া দেন।(১৮) অনন্তর তারা শুধু অপেক্ষা করছে, যেন অকস্মাৎ কেয়ামত সংঘটিত হয়। লক্ষণ তো এসেই পড়েছে,

فَأَنَّىٰ لَهُمْ إِذَا جَاءَتْهُمْ ذِكْرَاهُمْ ﴿١٩﴾ فَاعْلَمْ أَنَّهُ لَا إِلَٰهَ إِلَّا اللَّهُ وَاسْتَغْفِرْ

ফাআন্না-লাহুম্ ইযা-জ্বা — য়াত্‌হুম্ যিক্‌র-হুম্। ১৯। ফা'লাম্ আন্নাহূ লা ~ ইলা-হা ইল্লাল্লা-হু অস্‌তাগ্‌ফির্

আসলে উপদেশ পাবে কিভাবে?(১৯) অতএব, জেনে রেখ, আল্লাহ ছাড়া আর কোন ইলাহ্ নেই; সুতরাং তুমি নিজের গুনাহর জন্য

২ ع ৮ ৬ রুকু

لِذَنْبِكَ وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ۗ وَاللَّهُ يَعْلَمُ مُتَقَلَّبَكُمْ وَمَثْوَاكُمْ ★

লিযাম্‌বিকা অলিল্‌মু''মিনীনা অল্‌মু''মিনা-ত্; অল্লা-হু ইয়া'লামু মুতাক্বাল্লাবাকুম্ অমাছ্‌ওয়া-কুম্।

ক্ষমা প্রার্থনা কর, আর মু'মিন নর-নারীর পাপের জন্যও, আর আল্লাহ তোমাদের অবস্থান, অবস্থিতি সম্পর্কে সম্যক অবহিত।

﴿٢٠﴾ وَيَقُولُ الَّذِينَ آمَنُوا لَوْلَا نُزِّلَتْ سُورَةٌ ۖ فَإِذَا أُنْزِلَتْ سُورَةٌ مُحْكَمَةٌ

২০। অইয়াকু্লুল্ লাযীনা আ-মানূ লাওলা-নুয্‌যিলাত্ সূরাতুন্ ফাইযা-উন্‌যিলাত্ সূরতুম্ মুহ্‌কামাতুঁও

(২০) আর যারা মু'মিন তারা বলে, সূরা নাযীল হয় না কেন? অতঃপর যখন কোন স্পষ্ট সূরা নাযীল হয়ে জিহাদের কথা বলা হয়

وَذُكِرَ فِيهَا الْقِتَالُ ۙ رَأَيْتَ الَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ يَنْظُرُونَ إِلَيْكَ

অযুকিরা ফীহাল্ ক্বিতা-লু রয়াইতাল্ লাযীনা ফী ক্বু-লূ বিহিম্ মারাদ্বুঁই ইয়ান্‌জুরূনা ইলাইকা

তখন আপনি দেখতে পাবেন যে, তাদের মধ্যে যারা ব্যধিগ্রস্ত লোক তারা আপনার প্রতি তাকায় মৃত্যু ভয়ে আতঙ্কগ্রস্ত

نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ ۖ فَأَوْلَىٰ لَهُمْ ﴿٢١﴾ طَاعَةٌ وَقَوْلٌ مَعْرُوفٌ قف

নাজোয়রল্ মাগ্‌শিয়্যি 'আলাইহি মিনাল্ মাওত; ফাআওলালাহুম্। ২১। ত্বোয়া- 'আতুঁও অক্বওলুম্ মা'রূফুন্

লোকদের মত, ধিক্ তাদের।(২১) আনুগত্য ও ন্যায় কথা বলাই, তাদের জন্য উত্তম। অতঃপর যখন কর্মের সিদ্ধান্ত হয় তখন

فَإِذَا عَزَمَ الْأَمْرُ قف فَلَوْ صَدَقُوا اللَّهَ لَكَانَ خَيْرًا لَهُمْ ﴿٢٢﴾ فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ

ফাইযা- 'আযামাল্ আম্‌রু ফালাও ছোয়াদাকু্ ল্লা-হা লাকা-না খাইরল্লা-হুম্। ২২। ফাহাল্ 'আসাইতুম্ ইন্ তাওয়াল্লাইতুম্

আল্লাহর সঙ্গে সততা দেখালে তাই হবে উত্তম। (২২) অতঃপর তোমরা শাসক হলে তোমাদের কি এ সম্ভাবনা আছে যে,

أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتُقَطِّعُوا أَرْحَامَكُمْ ﴿٢٣﴾ أُولَٰئِكَ الَّذِينَ لَعَنَهُمُ اللَّهُ

আন্ তুফ্‌সিদূ ফিল্ আর্‌দ্বি অতুক্বাত্ত্বিউ' ~ আর্‌হা-মাকুম্। ২৩। উলা — য়িকাল্লাযীনা লা'আনাহুমুল্লা-হু

তোমরা যমীনে গোলযোগ সৃষ্টি করবে, আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করবে। (২৩) আল্লাহ তাদেরকে অভিশপ্ত করেছেন, বধির

فَأَصَمَّهُمْ وَأَعْمَىٰ أَبْصَارَهُمْ ﴿٢٤﴾ أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ أَمْ عَلَىٰ قُلُوبٍ أَقْفَالُهَا ★

ফাআছোয়াম্মাহুম্ অআ'মা ~ আব্‌ছোয়া-রহুম্। ২৪। আফালা-ইয়াতাদাব্বারূনাল্ ক্বু্র্‌আ-না আম্ 'আলা- ক্বু্লূবিন্ আক্ব্‌ফা-লুহা-।

করেছেন ও অন্ধ বানিয়েছেন। (২৪) তবে কি তারা কোরআন সম্পর্কে গবেষণা করে দেখে না? নাকি অন্তরে তালা রয়েছে?

আয়াত-১৮ ঃ কিয়ামতের সবচেয়ে বড় লক্ষণ হল রাসূলুল্লাহ (ছঃ) এর আবির্ভাব। সকল নবী-রাসূল রাসূলুল্লাহ (ছঃ) এর আবির্ভাবের অপেক্ষায় ছিলেন। তাঁর আবির্ভাবের পর এখন কিয়ামত সংঘটিত হওয়াই বাকী আছে। (মুঃ কোঃ) ২। ইবনে তাইমিয়ার মতে নবীরা আল্লাহর নিকট হতে মানুষকে যে সমস্ত আহকাম পৌঁছিয়ে থাকেন, তাতে তারা নির্দোষ এবং ত্রুটিমুক্ত। এ কারণে এসব আহকামে ঈমান আনা ওয়াজিব। নবীরা ব্যতীত আওলিয়ারাও নির্দোষ ও ত্রুটিমুক্ত নন। আম্বিয়ারা আল্লাহর আহকাম ব্যতীত অন্যান্য কথা-বার্তায় নিষ্পাপ কিনা এতে মতভেদ রয়েছে। জমহুর ওলামাদের মতে গুনাহ ছোট হোক আর বড় হোক তাতে স্থির থাকা হতে তারা মাহফূয। কখনও কোন গুনাহ্ হয়ে গেলেও তা হতে পাক-পবিত্র করে লওয়া হয়। (ফতঃ বয়াঃ)

۝٢٥ إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَىٰ أَدْبَارِهِم مِّن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى ۙ الشَّيْطَانُ

২৫। ইন্নাল্ লাযীনার্ তাদ্দূ 'আলা ~ আদ্বা-রিহিম্ মিম্ বা'দি মা-তাবাইয়্যানা লাহুমুল্ হুদাশ্ শাইত্বোয়া-নু
(২৫) নিশ্চয়ই যারা সৎপথ পরিষ্কারভাবে ব্যক্ত হবার পরও পৃষ্ঠ প্রদর্শন করে ফিরে গেল, শয়তান তাদের কর্মকে শোভন করে

سَوَّلَ لَهُمْ وَأَمْلَىٰ لَهُمْ ۝٢٦ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ

সাওয়্যালা লাহুম্ অআম্লা-লাহুম্। ২৬। যা-লিকা বিআন্নাহুম্ ক্বা-লূ লিল্লাযীনা কারিহূ মা-নায্ যালাল্লা-হু
দেখায় এবং মিথ্যা আশা প্রদান করে। (২৬) কেননা, যারা আল্লাহ যা নাযিল করেছেন তাকে অপছন্দ করে তাদেরকে

سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ ۖ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ ۝٢٧ فَكَيْفَ إِذَا تَوَفَّتْهُمُ

সানুত্বী উ'কুম্ ফী বা'দ্বিল্ আম্রি অল্লা-হু ইয়া'লামু ইস্র-রাহুম্। ২৭। ফাকাইফা ইযা-তাওয়াফ্ফাত্হুমুল্
তারা বলে, তোমাদেরকে কিছু বিষয়ে মানব, আল্লাহ তাদের গোপন বিষয় সম্যক অবগত। (২৭) অতঃপর কিরূপ হবে, যখন

الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ ۝٢٨ ذَٰلِكَ بِأَنَّهُمُ اتَّبَعُوا مَا أَسْخَطَ اللَّهَ

মালা — য়িকাতু ইয়াদ্বরিবূনা উজূহাহুম্ অআদ্বা-রহুম্। ২৮। যা-লিকা বিআন্নাহুমুত্তাবা'উ মা ~ আস্খাত্বোয়াল্লা-হা
ফেরেশতারা তাদের প্রাণ নেবে মুখে ও পিঠে আঘাত করে? (২৮) এ জন্য যে, তারা আল্লাহর ক্রোধের অনুসরণ করে,

ع ৩ ৯ ৭ রুকু
وَكَرِهُوا رِضْوَانَهُ فَأَحْبَطَ أَعْمَالَهُمْ ۝٢٩ أَمْ حَسِبَ الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ

অকারিহূ রিদ্বওয়া-নাহূ ফাআহ্বাত্বোয়া আ'মা-লাহুম্। ২৯। আম্হাসিবাল্লাযীনা ফী ক্বুলূ বিহিম্ মারাদ্বুন্
সন্তুষ্টিকে অপছন্দ করে। তিনি তাদের কর্ম ব্যর্থ করবেন। (২৯) মনে ব্যধিগ্রস্তরা কি মনে করে যে, আল্লাহ তাদের

أَن لَّن يُخْرِجَ اللَّهُ أَضْغَانَهُمْ ۝٣٠ وَلَوْ نَشَاءُ لَأَرَيْنَاكَهُمْ فَلَعَرَفْتَهُم بِسِيمَاهُمْ ۚ

আল্লাঁই ইয়ুখ্রিজা ল্লা-হু আদ্ব্‌গা-নাহুম্। ৩০। অলাও নাশা — য়ু লাআরাইনা-কাহুম্ ফালা'আরাফ্তাহুম্ বিসীমা-হুম্;
বৈরিতাকে প্রকাশ করবেন না? (৩০) আর আমি যদি ইচ্ছা করতাম, তবে আপনাকে তাদেরকে দেখাতাম, আপনি তাদেরকে

وَلَتَعْرِفَنَّهُمْ فِي لَحْنِ الْقَوْلِ ۚ وَاللَّهُ يَعْلَمُ أَعْمَالَكُمْ ۝٣١ وَلَنَبْلُوَنَّكُمْ حَتَّىٰ نَعْلَمَ

অলাতা'রিফান্নাহুম্ ফী লাহ্নিল্ ক্বাওল্; অল্লা-হু ইয়া'লামু আ'মালাকুম্। ৩১। অলানাব্লুওয়ান্নাকুম্ হাত্তা-না'লামাল্
লক্ষণে চিনতে পারতেন, আল্লাহ তোমাদের কর্ম সম্বন্ধে অবগত (৩১) আর আমি অবশ্যই তোমাদের সকলকে পরীক্ষা করব,

الْمُجَاهِدِينَ مِنكُمْ وَالصَّابِرِينَ وَنَبْلُوَ أَخْبَارَكُمْ ۝٣٢ إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَن

মুজ্বা-হিদীনা মিন্কুম্ অছ্ছোয়া-বিরীনা অনাব্লুওয়া আখ্বা-রকুম্। ৩২। ইন্নাল্লাযীনা কাফারু অছোয়াদ্দু 'আন্
যে পর্যন্ত না জেনে নেই কারা জিহাদকারী আর কারা ধৈর্যশীল। (৩২) নিশ্চয়ই যারা কাফের এবং যারা আল্লাহর পথে বাধা

سَبِيلِ اللَّهِ وَشَاقُّوا الرَّسُولَ مِن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَىٰ لَن يَضُرُّوا اللَّهَ شَيْئًا

সাবীলি-হি অ শা — ল্লাক্বু ক্বুর্ রসূলা মিম্ বা'দি মা -তাবাইয়্যানা লাহুমুল্ হুদা-; লাইয়্যাদ্বুর্ রুল্লা-হা শাইয়া-
দানকারী, হেদায়াত স্পষ্ট হওয়ার পরও যারা রাসূলের বিরোধিতা করে, তারা মূলত আল্লাহর কোন ক্ষতি করতে পারবে না,

وَسَيُحْبِطُ أَعْمَالَهُمْ ﴿٣٣﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا

অ সাইয়ুহ্‌বিতু 'আমা-লাহুম্- । ৩৩ । ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ ~ আত্বী 'উল্লা-হা অআত্বী'উর্ রাসূলা অলা-
তিনি তাদের যাবতীয় কর্ম ব্যর্থ করবেন । (৩৩) হে মু'মিনরা! তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য কর, আর নিজেদের

تُبْطِلُوا أَعْمَالَكُمْ ﴿٣٤﴾ إِنَّ الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَنْ سَبِيلِ اللَّهِ ثُمَّ مَاتُوا وَهُمْ

তুব্‌ত্বিলূ ~ আ'মা-লাকুম্ । ৩৪ । ইন্নাল্লাযীনা কাফারূ অছোয়াদ্দূ 'আন্ সাবীলিল্লা-হি ছুম্মা মা-তূ অহুম্
কর্মসমুহ নষ্ট করো না । (৩৪) নিশ্চয়ই যারা কাফের এবং আল্লাহর পথে বাধা দানকারী, পরে কাফের হয়ে মরলে

كُفَّارٌ فَلَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ ﴿٣٥﴾ فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ ۖ وَأَنْتُمُ الْأَعْلَوْنَ ۖ

কুফ্‌ফা-রুন্ ফালাঁই ইয়াগ্‌ফিরল্লা-হু লাহুম্ । ৩৫ । ফালা-তাহিনূ অতাদ্'উ ~ ইলাস্ সাল্‌মি অ আন্‌তুমুল্ আ'লাওনা
আল্লাহ তাদের কখনও ক্ষমা করবেন না । (৩৫) অতএব হতাশ হয়ো না, সন্ধির প্রস্তাব দিয়ো না, তোমরাই প্রবল, আল্লাহ

وَاللَّهُ مَعَكُمْ وَلَنْ يَتِرَكُمْ أَعْمَالَكُمْ ﴿٣٦﴾ إِنَّمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبٌ وَلَهْوٌ ۚ وَإِنْ

অল্লা-হু মা'আকুম্ অলাইঁ ইয়াতিরকুম্ আ'মা-লাকুম্ । ৩৬ । ইন্নামাল্ হা ইয়া-তুদ্দুন্‌ইয়া-লা'ইবুঁও অলাহ্‌ওয়ুন্ অইন্
তোমাদের সঙ্গে আছেন, তোমাদের কর্ম গুরুত্বহীন করবেন না । (৩৬) নিশ্চয়ই পার্থিব জীবন তো খেল তামাশা । মু'মিন ও

تُؤْمِنُوا وَتَتَّقُوا يُؤْتِكُمْ أُجُورَكُمْ وَلَا يَسْأَلْكُمْ أَمْوَالَكُمْ ﴿٣٧﴾ إِنْ يَسْأَلْكُمُوهَا

তু''মিনূ অতাত্তাকূ ইয়ু''তিকুম্ উজূরকুম্ অলা-ইয়াস্‌য়ালকুম্ আম্‌ওয়া-লাকুম্ । ৩৭ । ইঁইয়াস্‌য়াল্‌কুমূ হা-
মুত্তাকী যদি হও, তবে তোমাদেরকে প্রতিদান দেবেন, তিনি সম্পদ চান না । (৩৭) চাইলেও চাপ দিলে তোমরা কার্পণ্য

فَيُحْفِكُمْ تَبْخَلُوا وَيُخْرِجْ أَضْغَانَكُمْ ﴿٣٨﴾ هَا أَنْتُمْ هَٰؤُلَاءِ تُدْعَوْنَ لِتُنْفِقُوا فِي

ফাইয়ুহ্‌ফিকুম্ তাব্‌খালূ অইয়ুখ্‌রিজু আদ্বগা-নাকুম্ ।৩৮। হা ~ আন্‌তুম্ হা ~ য়ুলা —য়ি তুদ্'আওনা লিতুন্‌ফিকূ ফী
করবে, তিনি তোমাদের বৈরিতা প্রকাশ করেন ।(৩৮) তোমাদেরকেই তো আল্লাহর পথে ব্যয় করতে আহ্বান করা হয়,

سَبِيلِ اللَّهِ فَمِنْكُمْ مَنْ يَبْخَلُ ۚ وَمَنْ يَبْخَلْ فَإِنَّمَا يَبْخَلُ عَنْ نَفْسِهِ ۚ وَاللَّهُ

সাবীলিল্লা-হি ফামিন্‌কুম্ মাইঁ ইয়াব্‌খালু অ মাইঁ ইয়াব্‌খল ফাইন্নামা-ইয়াব্‌খালু 'আন্ নাফ্‌সিহ্; অল্লা-হুল্ ৪
অথচ তোমাদের মধ্যে কোন কোন লোক কার্পণ্য করে, নিশ্চয়ই যারা খরচ করতে কার্পণ্য করে, তারা নিজের জন্যই করে।

الْغَنِيُّ وَأَنْتُمُ الْفُقَرَاءُ ۚ وَإِنْ تَتَوَلَّوْا يَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ ثُمَّ لَا يَكُونُوا أَمْثَالَكُمْ ع ১০ ৮ রুকু

গনিইয়্যু ওয়া আন্‌তুমুল্ ফুক্বার — য়ু অইন্ তাতাওয়াল্লাও ইয়াস্‌তাব্‌দিল্ ক্বওমান্ গইরকুম্ ছুম্মা লা-ইয়াকূ নূ ~ আম্‌ছা- লাকুম্।
আল্লাহই ধনী, আর তোমরা অভাবী, তোমরা বিমুখ হলে অন্যকে স্থলাবিসিক্ত করবেন, তারা তোমাদের ন্যায় হবে না।

আয়াত-৩৩ঃ টীকাঃ (১) আবুল আলিয়া হতে বর্ণিত। রাসূলুল্লাহ (ছঃ) এর ছাহাবারা মনে করতেন, 'লা-ইলা-হা ইল্লাল্লা-হ্'- এর সাথে কোন গুনাহ ক্ষতিকর নয়। যেমন শির্কের সাথে কোন আ'মল উপকারে আসে না। এমনকি যখন এ আয়াত অবতীর্ণ হল, তখন তারা ভীত হয়ে গেল যে, গুনাহ আমলকে ব্যর্থ করে দিবে। (ফতঃ বয়াঃ) আয়াত-৩৪ ঃ অবিশ্বাসী অবস্থায় মৃত্যুবরণ করাকে আল্লাহপাক ক্ষমা না করার সাথে সীমাবদ্ধ করেন। এ কারণে যে, জীবিত ব্যক্তির জন্য তো তওবার দরজা খোলা আছে। গুনাহ পরিত্যাগ করে আল্লাহর দিকে রুজূ' হওয়ার সুযোগ আছে, রুজূ হলে আল্লাহ ক্ষমা করে দিবেন। (ফতঃ বয়াঃ) আয়াত-৩৬ঃ আল্লাহপাক সম্পূর্ণ সম্পদ তাঁর রাস্তায় দান করার আদেশ দেন নি। বরং সামান্য দেওয়ার আদেশ দিয়েছেন। (ইবঃ কাঃ)

সূরা ফাত্হ্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২৯
রুকূ ঃ ৪

١ إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِينًا ٢ لِّيَغْفِرَ لَكَ اللّٰهُ مَا تَقَدَّمَ مِن ذَنۢبِكَ وَمَا

১। ইন্না- ফাতাহ্না- লাকা ফাত্হাম্ মুবীনা-। ২। লিইয়াগ্‌ফিরা লাকা ল্লা-হু মা-তাক্বদ্দামা মিন্ যাম্বিকা অমা-

(১) নিশ্চয়ই আমি আপনাকে সুস্পষ্ট বিজয় দান করেছি। (২) যেন আল্লাহ আপনার পূর্বাপর ত্রুটি বিচ্যুতিসমূহ ক্ষমা করেন,

تَأَخَّرَ وَيُتِمَّ نِعْمَتَهُ عَلَيْكَ وَيَهْدِيَكَ صِرَاطًا مُّسْتَقِيمًا ٣ وَيَنصُرَكَ اللّٰهُ نَصْرًا

তায়াখ্খরা অইয়ুতিম্মা নি'মাতাহূ 'আলাইকা অইয়াহ্দিয়াকা ছির-ত্বোয়াম্ মুস্তাক্বীমা-।৩। অইয়ান্ ছুরকাল্লা-হু নাছ্রন্

আপনার প্রতি তাঁর করুণা পূর্ণ করেন ও আপনাকে সরল পথে পরিচালিত করেন। (৩) আর আল্লাহ আপনাকে পূর্ণ সাহায্য

عَزِيزًا ٤ هُوَ الَّذِي أَنزَلَ السَّكِينَةَ فِي قُلُوبِ الْمُؤْمِنِينَ لِيَزْدَادُوا إِيمَانًا

'আযীযা-। ৪। হুওয়াল্লাযী ~ আন্‌যালাস্ সাকীনাতা ফী ক্বুলূবিল্ মু''মিনীনা লিইয়াযْদা-দূ ~ ঈমা-নাম্

প্রদান করেন। (৪) তিনিই মু'মিনদের মনে প্রশান্তি প্রদান করেন, যেন তারা তাদের পূর্ববর্তী ঈমানকে ঈমানের সঙ্গে

مَّعَ إِيمَانِهِمْ ۗ وَلِلّٰهِ جُنُودُ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ وَكَانَ اللّٰهُ عَلِيمًا حَكِيمًا ٥

মা'আ ঈমা- নিহিম্; অলিল্লা-হি জু্নূ দুস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্ব; অকা-নাল্লা-হু 'আলীমান্ হাকীমা-।

আরো মযবুত্ করে নেয়, আর আকাশ মণ্ডল ও যমীনের সকল সৈন্য তো আল্লাহরই। আর আল্লাহ মহা জ্ঞানী, প্রজ্ঞাময়।

٥ لِّيُدْخِلَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهٰرُ

৫। লিইয়ুদ্‌খিলাল্ মু''মিনীনা অল্‌মু'মিনা-তি জ্বান্না-তিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু

(৫) যেন যারা মু'মিন নর ও মু'মিন নারী তাদেরকে এমন জান্নাতে দাখিল করেন, যার তলদেশ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত; সেখানে

خَالِدِينَ فِيهَا وَيُكَفِّرَ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ ۚ وَكَانَ ذٰلِكَ عِندَ اللّٰهِ فَوْزًا عَظِيمًا ٦

খ-লিদীনা ফীহা-অইয়ুকাফ্‌ফিরা 'আন্‌হুম্ সাইয়িয়া-তিহিম্; অকা-না যা-লিকা 'ইন্‌দা-ল্লা হি ফাওযান্ 'আজীমা-।

তারা অনন্তকাল অবস্থান করবে এবং তাদের পাপসমূহ ক্ষমা করে দেবেন। এটাই আল্লাহর কাছে তাদের মহা সাফল্য।

٦ وَيُعَذِّبَ الْمُنٰفِقِينَ وَالْمُنٰفِقٰتِ وَالْمُشْرِكِينَ وَالْمُشْرِكٰتِ الظَّانِّينَ بِاللّٰهِ ظَنَّ

৬। অইয়ু'আযযিবাল্ মুনা- ফিক্বীনা অল্ মুনা-ফীক্ব-তি অল্‌মুশ্‌রিকীনা অল্ মুশ্‌রিকা-তিজ্ জোয়া — ন্নীনা বিল্লা-হি জোয়ান্নাস্

(৬) আর যারা মুনাফিক নর-নারী, মুশ্‌রিক নর-নারী, যারা আল্লাহ সম্বন্ধে কু ধারণা পোষণ করে, তিনি তাদেরকে শাস্তি

শানেনুযূল ঃ সূরা ফাতাহ্ ঃ ৬ষ্ঠ হিজরীতে প্রায় ১৫০০ সাহাবী নিয়ে নবী কারীম (ছঃ) উমরাহ্ পালনের জন্য মক্কাভিমুখে রওয়ানা করলেন। পথিমধ্যে হুদাইবিয়া নামক স্থানে পৌঁছলে মুশরিকদের বাধা দানের প্রস্তুতির কথা অবগত হলেন। অতঃপর মুশরিকদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে দু'পক্ষের মধ্যে সন্ধি সাক্ষরিত হয়। সন্ধির শর্তাবলি মুসলিমদের প্রতিকূলে হলেও শান্তির জন্য নবী কারীম (ছঃ) তা মেনে নিলেন। সন্ধির শর্ত অনুযায়ী উমরাহ্ না করেই তাঁরা মদীনায় প্রত্যাবর্তন করেন। পথিমধ্যে সূরাটি নাযীল করে এ সন্ধিকে স্পষ্ট বিজয় হিসেবে আখ্যায়িত করা হয়। ফলতঃ কিছু দিনের মধ্যেই কাফেররা শর্ত ভঙ্গ করলে বিনা যুদ্ধে মক্কা বিজয় হয়।

السَّوْءِ عَلَيْهِمْ دَائِرَةُ السَّوْءِ وَغَضِبَ اللَّهُ عَلَيْهِمْ وَلَعَنَهُمْ وَأَعَدَّ لَهُمْ جَهَنَّمَ

সাওয়ি 'আলাইহিম্ দা — য়িরাতুস্ সাওয়ি অগদ্বিবা ল্লা-হু 'আলাইহিম্ অলা'আনাহুম্ অ আ'আদ্দা লাহুম্ জ্বাহান্নাম্;
প্রদান করবেন। তাদেরই অমঙ্গল, তাদের ওপরই আল্লাহর গযব, লা'নত, জাহান্নাম তাদের জন্যই প্রস্তুত করা হয়েছে,

وَسَاءَتْ مَصِيرًا ۝٧ وَلِلَّهِ جُنُودُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَكَانَ اللَّهُ عَزِيزًا حَكِيمًا

অসা — য়াত্ মাছীর-। ৭। অ লিল্লা-হি জুনূ দুস্ সামা-ওয়া-তি অল্ আরদ্ব; অকা-না ল্লা-হু 'আযীযান্ হাকীমা-।
আর তা কতই না নিকৃষ্ট আবাস! (৭) আকাশ মণ্ডল ও পৃথিবীর বাহিনীসমূহ আল্লাহরই। আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

۝٨ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا ۝٩ لِتُؤْمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَتُعَزِّرُوهُ

৮। ইন্না ~ আর্সাল্না-কা শা-হিদাঁও অমুবাশ্শিরাঁও অনাযীরা-। ৯। লিতু'মিনূ বিল্লা-হি অরাসূলিহী অ তু'আয্যিরূহু
(৮) আপনাকে সাক্ষী, সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে পাঠালাম।(৯) যেন আল্লাহ ও রাসূলে ঈমান আন; তাকে সাহায্য ও

وَتُوَقِّرُوهُ وَتُسَبِّحُوهُ بُكْرَةً وَأَصِيلًا ۝١٠ إِنَّ الَّذِينَ يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ

অ তুওয়াক্ক্বিরূহু; ওয়া তুসাব্বিহূহু বুক্রতাঁও অআছীলা-।১০। ইন্নাল্ লাযীনা ইয়ুবা-য়ি'ঊনাকা ইন্নামা ইউবা-য়ি'ঊনা
সম্মান কর; সকাল সন্ধ্যায় তাঁর তাসবিহ পাঠ কর। (১০) নিশ্চয়ই যারা আপনার কাছে বায়াত নেয়, তারা আল্লাহর

اللَّهَ يَدُ اللَّهِ فَوْقَ أَيْدِيهِمْ فَمَنْ نَكَثَ فَإِنَّمَا يَنْكُثُ عَلَىٰ نَفْسِهِ وَمَنْ أَوْفَىٰ

ল্লা-হ্; ইয়াদুল্লা-হি ফাওক্ব আইদীহিম্ ফামান্ নাকাছা-ফাইন্নামা-ইয়ান্কুছু 'আলা নাফ্সিহী অমান্ আওফা-
কাছেই আনুগত্যের শপথ গ্রহণ করে; আল্লাহর হাত তাদের হাতের ওপর। যদি ভঙ্গ করে তবে পরিণাম তাদেরই ওপর। ১ ع ১০ ৯ রুকু

بِمَا عَاهَدَ عَلَيْهُ اللَّهَ فَسَيُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا ۝١١ سَيَقُولُ لَكَ الْمُخَلَّفُونَ مِنَ

বিমা-'আহা-দা 'আলাইহুল্লা-হা ফাসাইয়ু'তীহি আজ্ব্রন্ 'আজীমা-। ১১। সাইয়াক্বূলু লাকাল্ মুখাল্লাফূনা মিনাল্
যে আল্লাহর সঙ্গেকার প্রতিশ্রুতি পূর্ণ করে, তিনি তাকে পুরস্কার দেন। (১১) মরুবাসীদের মধ্যে যারা পিছনে রয়ে গেছে শীগ্রই

الْأَعْرَابِ شَغَلَتْنَا أَمْوَالُنَا وَأَهْلُونَا فَاسْتَغْفِرْ لَنَا يَقُولُونَ بِأَلْسِنَتِهِمْ مَا لَيْسَ

আ'র-বি শাগালাত্না ~ আম্ওয়া-লুনা-অআহ্লূনা-ফাছ্তাগ্ফির্ লানা-ইয়াক্বূলূনা বিআল্সিনাতিহিম্ মা-লাইসা
তারা আপনাকে বলবে, আমাদের ধনসম্পদ ও আমাদের পরিবার আমাদেরকে ব্যস্ত রাখল, আমাদের জন্য ক্ষমা চান; তারা নিজেদের

